

3 (Sem-3/CBCS) BEN-HG/RC

2022

BENGALI

(Honours Generic/Regular)

Paper : BEN-HG/RC-3016

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশানুসারে উত্তর দাও
(যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) “সম্মুখ সমরে পড়ি, বীর-চুড়ামণি”
“বীর-চুড়ামণি” বলতে কাকে নির্দেশ করা হয়েছে?
- (খ) “...গাইব, মা, _____ ভাসি,
মহাগীত;”
(শূন্যস্থান পূরণ করো)
- (গ) ‘মেঘনাদবধ কাব্য’-এ রাবণের মামার নাম কী?
- (ঘ) ‘শ্রাবণে’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

- (ঙ) “সকল শরীর ছুটে রুধিরের ধার হে,”
‘রুধির’ শব্দের অর্থ কী?
- (চ) ‘সুরবালা’ কবিতায় উল্লিখিত স্বর্গীয় নদীটির নাম কী?
- (ছ) ‘রজনী’ উপন্যাসের দ্বিতীয় খণ্ডের নাম কী?
- (জ) ‘আমার এত সাধের প্রভাতে সই,’— ‘রজনী’ উপন্যাসে গানটি কে গেয়েছে?
- (ঝ) ‘রজনী’ উপন্যাসে অমরপ্রসাদের পিতার নাম কী?
- (ঞ) ‘রজনী’ উপন্যাসের প্রথম প্রকাশকাল কত?
- (ট) “...অজেয় জগতে—
উন্মিলাবিলাসী নাশি, ইন্দ্রে নিঃশঙ্কিলা?”
এখানে ‘উন্মিলাবিলাসী’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- (ঠ) বীরবাহুর মৃত্যু সংবাদ রাবণকে কে জানিয়েছিল?
- (ড) “কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে,
প্রচেতঃ!”
এখানে ‘প্রচেতঃ’ কে?

- (ঢ) “_____ দাস হবে ক্ষত্রিয়-তনয় হে,
ক্ষত্রিয়-তনয় ॥”
(শূন্যস্থান পূরণ করো)
- (ণ) ‘সুরবালা’ কবিতায় আলোর মালায় কী প্রকাশিত হয়েছিল বলে কবি উল্লেখ করেছেন?
- (ত) “গাহিতেছিলেন খেদের গান।”
‘সুরবালা’ কবিতায় খেদের গানটি কে গাইছিলেন?
- (থ) ‘রজনী’ উপন্যাসে রজনীর পিতার নাম কী ছিল?
- (দ) ‘রজনী’ উপন্যাসে রজনীর পিতার পুষ্পোদ্যান কোথায় ছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- (ক) ‘মেঘনাদবধ কাব্য’ গ্রন্থে কয়টি সর্গ রয়েছে? এই কাব্যের প্রথম সর্গের নাম কী?
- (খ) “এ বৃথা গঞ্জনা, প্রিয়ে, কেন দেহ মোরে!” বক্তা কে? কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন?

(গ) কবি মানকুমারী বসুর জন্ম ও মৃত্যুর সাল উল্লেখ করো।

(ঘ) “তোমার এই সমুদ্রতুল্য হৃদয়ে কি আমার জন্য এতটুকু স্থান নাই?”

কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন?

(ঙ) শচীন্দ্রের পিতামহ ও প্রপিতামহের নাম কী?

(চ) ‘মেঘনাদবধ কাব্য’ গ্রন্থে বারুণী কোথায় বসে, কী দিয়ে বেণী বাঁধছিলেন?

(ছ) “রক্ষঃকুল-বালা-রূপে বাহিরিলা দৌহে”
এখানে ‘দৌহে’ বলতে কোন্ দুজনকে বোঝানো হয়েছে?

(জ) ‘শ্রাবণে’ কবিতায় উল্লিখিত দুটি পাখির নাম লেখো।

(ঝ) ‘মৃত্যু-সুহৃৎ’ কবিতাটির কবি কে? এটি কবির কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

(ঞ) ‘রজনী’ উপন্যাসে রজনী স্বয়ম্বর হয়ে কাকে বিয়ে করেছিল? পরবর্তীকালে সে কার সঙ্গে বিবাহবন্ধনে বাঁধা পড়েছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“বাল্মীকির রসনায়, (পদ্মাসনে যেন)

যবে খরতর শরে, গহন কাননে,

ক্রৌঞ্চবধু সহ ক্রৌঞ্চ নিষাদ বিঁধিলা,

তেমতি দাসেরে, আসি, দয়া কর, সতি।”

(খ) ‘মেঘনাদবধ কাব্য’ গ্রন্থের মেঘনাদকে সেনাপতিরূপে বরণ করার দৃশ্যটি তুলে ধরো।

(গ) কবি অক্ষয়কুমার বড়ালের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“সে আমার কাছে কাছে, দিনরাত সদা আছে,

পরাণে বেঁধেছি পাছে ফেলে চ’লে যায়, তানপিত্ত

তার নাম ‘মৃত্যু’, আমি ভালোবাসি তায়।”

(ঙ) ‘রজনী’ উপন্যাসের হীরালালের চরিত্র আলোচনা করো।

(চ) “গোবিন্দকান্ত বাবু একটি গল্প বলিলেন, তাহার সারমর্ম এই।” ‘রজনী’ উপন্যাসে গোবিন্দকান্তের বলা গল্পটির সারমর্ম নিজের ভাষায় বর্ণনা করো।

০০=৪ (ছ) 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে চিত্রাঙ্কদা চরিত্রটি অঙ্কন করে।

(জ) 'প্রাবণে' কবিতা অবলম্বনে বর্ষাঋতুর বর্ণনা দাও।

৪। (ক) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি আলোচনা করে। ১০

অথবা

(খ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের প্রথম সর্গে লক্ষ্মীদেবীর ভূমিকা নির্ণয় করে।

অথবা

(গ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিচার করে।

৫। (ক) 'স্বাধীনতা-সঙ্গীত' কবিতায় কবি স্বদেশ-চেতনার ভাব-পরিমণ্ডল কীভাবে ফুটিয়ে তুলেছেন আলোচনা করে। ১০

অথবা

(খ) 'সুরবালা' কবিতা অবলম্বনে সুরবালার স্বরূপ স্পষ্ট করে।

অথবা

(গ) আদর্শায়িত দেশপ্রেমের কবিতা হিসেবে 'স্বাধীনতা-সঙ্গীত' কবিতাটির সার্থকতা বিচার করে।

৬। (ক) 'রজনী' উপন্যাসের লবঙ্গলতার চরিত্র বিশ্লেষণ করে। ১০

অথবা

(খ) 'রজনী' উপন্যাসে রজনী ও শচীন্দ্রের প্রেমের সম্পর্কের স্বরূপ আলোচনা করে।

৭। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে বীররস সৃষ্টিতে মাইকেলের কৃতিত্বের পরিচয় দাও। ১০

অথবা

(খ) 'রজনী' উপন্যাসের প্রথম খণ্ড 'রজনীর কথা' অংশের বিষয়বস্তু আলোচনা করে।
